

কারা অধিদপ্তর আভ্যন্তরীণ সংবাদ প্রবাহ-৩

(০১ জানুয়ারি ২০২৫ হতে ১৫ জানুয়ারি ২০২৫)

১। ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২৫ এ বাংলাদেশ জেল এর কারাপণ্য প্যাভিলিয়ন ইতোমধ্যে ক্রেতা আকৃষ্ট করতে সক্ষম হয়েছে। দেশী-বিদেশী বিভিন্ন পর্যায়ের ক্রেতার কারাপণ্য প্যাভিলিয়ন, পণ্যের আকর্ষণীয়তা ও গুণগতমানে মুগ্ধ হয়ে ভূয়সী প্রশংসা করেছেন।



২। ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জে কর্মকর্তা/কর্মচারীদের পরিবারবর্গ নিয়ে পিঠা উৎসবের আয়োজন করা হয়েছে। পিঠা উৎসবে প্রধান অতিথি হিসেবে পরিবারবর্গসহ উপস্থিত ছিলেন মাননীয় কারা মহাপরিদর্শক মহোদয়। এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়, সহকারী মহাপরিদর্শকগণ, বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং তাদের পরিবারবর্গ। এধরনের উৎসব অনুষ্ঠানের আয়োজন করা হলে কর্মকর্তা-কর্মচারীদের বিনোদনের পাশাপাশি পারম্পরিক সম্পর্ক উন্নতিতে অগ্রণী ভূমিকা পালন করবে বলে মনে করা হয়।



৩। কারা অধিদপ্তরের আইসিটি সেলের উদ্যোগে কারা অধিদপ্তরের সাথে কাশিমপুর কারা ক্যাম্পাসকে সরাসরি ওয়াকিটকি নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। কারা মহাপরিদর্শক মহোদয় কথোপকথনের মাধ্যমে এ যুগান্তকারী কার্যক্রমের সূচনা করেন। কারা মহাপরিদর্শক মহোদয় এধরনের গুরুত্বপূর্ণ উদ্যোগ গ্রহণের জন্য আইসিটি সেলের দায়িত্বরত কর্মকর্তা-কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করেছেন।



৪। মুন্সিগঞ্জ জেলা কারাগারের একজন কারারক্ষী ও চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের একজন সহকারী প্রধান কারারক্ষীর বিরুদ্ধে অনিয়মের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় তাদেরকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। পিরোজপুর জেলা কারাগারের একজন কারারক্ষী মাদক সেবনের সাথে জড়িত হওয়ার প্রমাণ পাওয়ায় তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। রাজশাহী কারা প্রশিক্ষণ কেন্দ্রের একজন সহকারী প্রশিক্ষক এর বিরুদ্ধে একজন মহিলা প্রমাণসহ অভিযোগ উত্থাপন করলে তাকে তৎক্ষণাত্ সাময়িক বরখাস্ত পূর্বক কোয়ার্টার গার্ডে রাখা হয় এবং ফৌজদারী মামলায় গ্রেফতার আদেশ জারী হওয়ায় পুলিশ কর্তৃক গ্রেফতার পূর্বক বিজ্ঞ আদালতের মাধ্যমে কারাগারে প্রেরণ করা হয়েছে।

৫। বাংলাদেশ সেনাবাহিনীর অধীনে একজন কারা কর্মকর্তাকে Officer's Weapon Course-110 প্রশিক্ষণ গ্রহণের জন্য মনোনয়ন করা হয়েছে। এছাড়াও বাংলাদেশ সেনাবাহিনীর অধীনে একজন কারারক্ষীকে ICT Network Technical Course (NCO/OR) Level-34, একজন কারারক্ষীকে Ammo Maint Course-58, একজন কারারক্ষীকে Physical Fitness Training Course-21, একজন কারারক্ষীকে Unarmed Combat Course-42 এর জন্য মনোনয়ন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে মনোনয়নের ক্ষেত্রে চৌকস, মেধাবী ও সুশৃঙ্খল কর্মচারীদেরকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। এ প্রশিক্ষণের ধারাবাহিকতা পরবর্তীতেও অব্যাহত থাকবে।

৬। সত্য, দক্ষ, মেধাবী ও সুশৃঙ্খল কারারক্ষী ও মহিলা কারারক্ষীদের মধ্যে হতে কারা অধিদপ্তর, ঢাকার অধীনে নতুন পিআইউই সদস্য মনোনয়নের নিমিত্ত মৌখিক ও ব্যবহারিক পরিক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

উক্ত বিষয়সমূহ সকল পর্যায়ে সদস্যদের জ্ঞাতার্থে রোলকল/দরবারে পড়ে শুনানোর জন্য অনুরোধ করা হলো।



বাংলাদেশ জেল